"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম ও শহরের উন্নতি"

# উপজেলা পরিষদ
## তিতাস, কুমিল্লা

**জুম অ্যাপস মাধ্যমে অনুষ্ঠিত ফেব্রুয়ারি, ২০২৩ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী:**
(সভা নম্বর: ৩৮)

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: পারভেজ হোসেন সরকার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লা। |
| সভার তারিখ | : | ০৯ ফেব্রুয়ারি, ২০২৩ |
| সময় | : | সকাল: ১১:০০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ হলরুম, তিতাস, কুমিল্লা। |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | অনলাইন জুম অ্যাপস |

সভাপতি জুম অ্যাপে সংযুক্ত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বর্তমান সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কাজ ও উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের সার্বিক বিষয় নিয়ে আলোচনা করেন। সরকারের উন্নয়ন ধারা অব্যাহত রাখতে স্ব স্ব অবস্থান থেকে যথাযথ ভূমিকা পালনের জন্য সকল দপ্তর/বিভাগের প্রধানকে আহবান জানান।

০২। সভাপতির অনুমতিক্রমে জনাব এ.টি.এম. মোর্শেদ, উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, তিতাস, কুমিল্লা অদ্য সভার কার্যপত্র উপস্থাপন করেন এবং এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

০৩। সভার কর্মসূচি অনুযায়ী বিভাগ ভিত্তিক নিম্নবর্ণিত আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়;

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | জানুয়ারি, ২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তসমূহের উপর সংশোধনী বা মন্তব্য সম্পর্কে মতামত চাওয়া হয়। উক্ত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী বা মন্তব্য উত্থাপিত হয়নি। | জানুয়ারি, ২০২৩ মাসের উপজেলা উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী বিনা সংশোধনীতে দৃঢ়ীকরণ করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২।উপজেলা নির্বাহী অফিসার |
| ২. | <u>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লা:</u> জনাব মো: পারভেজ হোসেন সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থবছরে তিতাস উপজেলার এডিপি ও রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিলের টাকা বিভাজনক্রমে সকল ইউপি চেয়ারম্যানদের মাঝে বিতরণ করা হয়েছে এবং প্রকল্প গ্রহণ করা হয়েছে। বিগত বছরের প্রকল্পসহ ২০২২-২৩ অর্থবছরের প্রকল্পগুলোর কাজ দ্রুত সময়ের মধ্যে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। | ক) বিগত অর্থবছরের যে সব প্রকল্পগুলোর কাজ এখনও বাস্তবায়ন হয়নি তা দ্রুত বাস্তবায়ন করতে হবে।<br>খ) ২০২২-২৩ অর্থবছরে যে সকল প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়েছে তা টেন্ডার প্রক্রিয়া দ্রুত সময়ের মধ্যে সমাপ্ত করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো।<br>গ) সকল প্রকল্পগুলো দ্রুত সময়ের মধ্যে সমাপ্ত করার বিষয়ে সার্বিকভাবে সহযোগিতা করার জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হলো। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকৌশলী<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ৩. | <u>উপজেলা নির্বাহী অফিসার, তিতাস, কুমিল্লা :</u> উপজেলা নির্বাহী অফিসার, তিতাস, কুমিল্লা সভায় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প হচ্ছে আশ্রয়ণ প্রকল্প। উক্ত প্রকল্পের মাধ্যমে ভূমিহীন ও গৃহহীনদের মাঝে খাসজমি বরাদ্দসহ ঘর নির্মাণ চলমান আছে। শোলাকান্দি আশ্রয়ন প্রকল্পের কাজ দ্রুত চলছে। জিয়ারকান্দি ইউপি চেয়ারম্যান শোলাকান্দি আশ্রয়ণ প্রকল্পের জন্য সাহসিকতার সাথে উপজেলার সাথে সমন্বয় করে কাজ করছেন। প্রতি মাসে টার্গেট অনুযায়ী জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হলো। | ক) আশ্রয়ণ প্রকল্পের ঘরগুলোর নির্মাণ কাজ সার্বিকভাবে তদারকি অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো।<br>খ) জন্ম-মৃত্যু নিবন্ধন প্রতি মাসে টার্গেট অনুযায়ী কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হলো। | ১। উপজেলা প্রকৌশলী ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৪. | <u>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা:</u> উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তিতাস উপজেলায় ৩য় ও ৪র্থ ডোজ চলমান আছে। ৩য় ডোজ নেয়ার ৪ | যারা ৪র্থ ডোজ টিকা নিতে আগ্রহ আছে তাদেরকে ৩য় ডোজ গ্রহণের ৪ মাস অতিবাহিত হয়েছে সে সকল | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>মাস পর ৪র্থ ডোজ টিকা যে কোন বয়সের লোক নিতে পারবে। অন্যান্য দাপ্তরিক কাজ চলমান আছে।</td><td>লোকদের টিকা গ্রহণের বিষয়ে আহবান করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ করা হলো।</td><td>২। ইউপি চেয়ারম্যান (সকল)</td></tr>
<tr><td>৫.</td><td><u>উপজেলা কৃষি অফিস:</u> উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, তিতাস উপজেলায় পর্যাপ্ত সার মজুদ আছে। এ বছর প্রাকৃতিক কোন দুর্যোগ না হওয়ায় তিতাস উপজেলায় ফসলের অবস্থা খুবই ভাল। অন্যান্য দাপ্তরিক কাজ চলমান আছে।</td><td>কৃষকদের ফসল যথাসময়ে উত্তোলনের বিষয়ে সার্বক্ষণিক মনিটরিং করার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হলো।</td><td>উপজেলা কৃষি কর্মকর্তা</td></tr>
<tr><td>৬.</td><td><u>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস:</u> উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, টিআর/কাবিখার ১ম পর্যায়ের কাজ প্রায় শেষ দিকে। ২য় পর্যায়ের প্রকল্প পাওয়া গেছে। অচিরেই ২য় পর্যায়ের অর্থ ছাড় করা হবে। অন্যান্য দাপ্তরিক কাজ চলমান আছে।</td><td>ক) টিআর/কাবিখার ২য় পর্যায়ের কাজ দ্রুত সময়ের মধ্যে শুরু করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো।</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা</td></tr>
<tr><td>৭.</td><td><u>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়:</u> উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, যুব ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান আছে। আদায়ের অগ্রগতি ৯৫.৮০%। অন্যান্য দাপ্তরিক কাজ চলমান আছে।</td><td>ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম জোরদার করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা</td></tr>
<tr><td>৮.</td><td><u>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়:</u> উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, অফিসের কাজ স্বাভাবিক চলছে। নিম্নবর্নিতভাবে অফিসের কার্যক্রম উপস্থাপন করা হলো:
<table>
<tr><th>কার্যক্রম</th><th>আর্থিক বছরে</th><th>ক্রমপুঞ্জিভূত</th></tr>
<tr><td>মোট সমিতির সংখ্যা</td><td>--</td><td>৩৬টি</td></tr>
<tr><td>মোট দলের সংখ্যা</td><td>--</td><td>৪০টি</td></tr>
<tr><td>চলমান প্রকল্প</td><td>--</td><td>০৬টি</td></tr>
<tr><td>মোট ঋণ বিতরণ</td><td>--</td><td>৭০.৮০ লক্ষ</td></tr>
<tr><td>ঋণ বিতরণ</td><td>১৬.০৪ লক্ষ</td><td>১৬৫.০০ লক্ষ</td></tr>
<tr><td>ঋণ আদায়</td><td>১৪.৬২ লক্ষ</td><td>১১৭.৭০ লক্ষ</td></tr>
<tr><td>মাঠে বকেয়া ঋণের পরিমাণ</td><td>--</td><td>৪৭.৩০ লক্ষ</td></tr>
<tr><td>ঋণ গ্রহণকারীর সংখ্যা</td><td>৫৯ জন</td><td>৫৮৯ জন</td></tr>
<tr><td>প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা</td><td>৭০ জন</td><td>৪৫৫০ জন</td></tr>
<tr><td>অপ্রধান শস্য বীজ বিতরণ</td><td>৪৫ জন</td><td>২৮০ জন</td></tr>
<tr><td>অপ্রধান শস্য প্রদর্শনী বাস্তবায়ন</td><td>১১টি</td><td>২৯টি</td></tr>
<tr><td>অংশীদারমূলক পল্লী উন্নয়নমূলক প্রকল্প-০৩, স্কিম বাস্তবায়ন</td><td>০৫টি</td><td>১০৯টি</td></tr>
</table></td><td>ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম জোরদার করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা</td></tr>
<tr><td>৯.</td><td><u>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:</u> সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, ক) মানব সম্পদ উন্নয়ন প্রকল্পের Small Water Scam এর ৩৮টি প্রকল্পের বরাদ্দ পাওয়া গেছে। নামের তালিকা পাওয়া সাপেক্ষে কাজ শুরু হবে এবং এর মাধ্যমে ৩০/৪০টি পরিবারকে Pipe Line এর মাধ্যমে বিশুদ্ধ পানি সুবিধা দেয়া যাবে। মাননীয় সংসদ সদস্য, উপজেলা চেয়ারম্যান ও ইউপি চেয়ারম্যানদের নামের তালিকা প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।<br>খ) মানব সম্পদ উন্নয়ন প্রকল্পের Large Water Pipe Line (Overhead Tank) বরাদ্দ পাওয়া যায়। এটি স্থাপন করার জন্য ১০ শতাংশ জমি উপজেলা চেয়ারম্যান মহোদয় দিতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। এছাড়াও দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে।</td><td>ক) মানব সম্পদ উন্নয়ন প্রকল্পের Small Water Scam এর জন্য নামের তালিকা দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ করা হলো।<br>খ) মানব সম্পদ উন্নয়ন প্রকল্পের Large Water Pipe Line (Overhead Tank) স্থাপনের বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লার সাথে চুক্তিকৃত ১০ শতাংশ জমিতে স্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। দ্রুতি সময়ের মধ্যে প্রকল্পটি বাস্তবায়নের জন্য সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)কে অনুরোধ করা হলো।</td><td>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১০.</td><td><u>উপজেলা প্রকৌশল অফিস (এলজিইডি)</u>: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, UGDP প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরের বরাদ্দকৃত টাকার প্যাকেজ নং etender/Tit/UGDP2021-22/W-01 তে তিতাস ডায়বেটিকস হাসপাতাল নির্মাণ কাজে চুক্তিমূল্য ভ্যাট ও আয়করসহ টাকা ৪৪,৬৮,৬১১.৪৯৮ বর্ণিত উক্ত প্রকল্পটি সন্তোষজনকভাবে বাস্তবায়ন হওয়ায় ঠিকাদার চুড়ান্ত বিলের জন্য আবেদন করেন যা পরীক্ষান্তে পেশ করা হলো:
<table>
<tr><th>উপজেলা</th><th>প্যাকেজ নম্বর</th><th>চুক্তিমূল্য ভ্যাট ও আয়করসহ</th><th colspan="4">পরিশোধযোগ্য মোট বিলের পরিমাণ</th></tr>
<tr><th></th><th></th><th></th><th>ভ্যাট এর পরিমাণ</th><th>আয়করের পরিমাণ</th><th>ভ্যাট ও আয়কর বাদে বিল (টাকা)</th><th>ভ্যাট ও আয়করসহ মোট বিল</th></tr>
<tr><td>তিতাস</td><td>e-tender/ tit/GDP/ 2021-22/ W-01</td><td>৪৪৬৮৬১১.৪৯৮</td><td>৫,৩২,১৯১/-</td><td>১,৩৪,০৭৬/-</td><td>৩৭,৪২,৯৫৫.১৫</td><td>৪৪,০৯,২২২.১৫</td></tr>
</table></td><td>উক্ত বিলটি ছাড় করার জন্য উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদন হয়।</td><td>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২।উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী</td></tr>
<tr><td>১.</td><td><u>উপজেলা শিক্ষা অফিস:</u> উপজেলা শিক্ষা কর্মকর্তা জনাব লায়লা পারভীন বানু সভায় জানান যে, উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটিতে নীতিমালা মোতাবেক যে সব কমিটি গঠন করা হয়ছে তা ২৩ জানুয়ারি, ২০২৩ তারিখে অনুমোদন করা হয়েছে। শিক্ষকদের যথাসময়ে আগমন ও প্রস্থান নিশ্চিত এবং শ্রেণিতে শিক্ষার্থীদের ভালভাবে পাঠদান করার জন্য এবং নিয়মিত উপস্থিতিতি নিশ্চিতের লক্ষে মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে অনুরোধ করা হলো। এছাড়া দাপ্তরিক কাজ চলমান আছে।</td><td>সার্বিক বিষয়ে পর্যালোচনায় দেখা যায় শিক্ষান মান আরও বৃদ্ধি করতে হবে। এ বিষয়ে যুগোপযোগী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো।</td><td>উপজেলা শিক্ষা অফিসার</td></tr>
<tr><td>২.</td><td><u>উপজেলা প্রাণীসম্পদ অফিস:</u> উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ডা: মো: দেলোয়ার হোসেন ছামী সভায় জানান যে, আগামী ২৫ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখ দিনব্যাপী প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২৩ তিতাস উপজেলায় অনুষ্ঠিত হবে। উক্ত প্রদর্শনী বাস্তবায়নের নিমিত্ত আগামী ২০/০২/২০২৩ তারিখে প্রাণিসম্পদ প্রদর্শনী উদযাপন কমিটির সভা অনুষ্ঠিত হবে। এ ব্যাপারে উপজেলা প্রাণিসম্পদ প্রদর্শনী কমিটির সম্মানিত সকল সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। এছাড়া প্রত্যেকটি ইউনিয়নকে ভেক্সিনেশন কার্যক্রমে আনার জন্য কাজ করছি। অন্যান্য দাপ্তরিক কাজ চলমান আছে।</td><td>২৫ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখ দিনব্যাপী প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২৩ বাস্তবায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হলো।</td><td>উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা</td></tr>
<tr><td>৩.</td><td><u>চেয়ারম্যান, জগতপুর ইউপি:</u> জগতপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, গৌরিপুর-হোমনা সংযোগ সড়ক কেশবপুর সড়ক হতে মাছিমপুর হয়ে দশানী জগতপুর-গাজীপুর সংযোগ সড়ক পর্যন্ত রাস্তা বর্ধিতকরণ ও পুন:নির্মাণের কাজ চলছে। উক্ত সড়কের দুই পাশে সামাজিক বন বিভাগের কিছু কাঠ গাছসহ আরও অন্যান্য কিছু আগাছা রয়েছে বিধায় সড়কের কাজে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। উক্ত বিষয় উল্লেখ করে উপজেলা নির্বাহী অফিসার মহোদায় বরাবর একটি আবেদন করা হয়েছে। রাস্তার উন্নয়নমূলক কাজ করার স্বার্থে কিছু সংখ্যাক গাছ কাঠার অনুমতি দানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ করা হলো।</td><td>ক) জগতপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর আবেদনের প্রেক্ষিতে সহকারী কমিশনার (ভূমি), তিতাস ও উপজেলা বন কর্মকর্তার কার্যালয় হতে তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় উক্ত সংযোগ সড়কের বাগানটি বন বিভাগের উপকারভোগী কর্তৃক সৃজিত। উপজেলা সামাজিক বন বিভাগের কমিটির সিদ্ধান্ত মোতাবেক গাছ কাটার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।</td><td>১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। সহকারী কমিশনার (ভূমি)<br>৩। উপজেলা প্রকৌশলী<br>৪। উপজেলা বন কর্মকর্তা</td></tr>
<tr><td>৪.</td><td><u>চেয়ারম্যান, নারান্দিয়া ইউপি:</u> নারান্দিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, জন্ম-মৃত্যু নিবন্ধনের সার্ভারটি মাঝে মাঝে কাজ করে না। এ বিষয়ে সার্বিক সহযোগীতার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ করা হলো।</td><td>জন্ম-মৃত্যু নিবন্ধনের সার্ভার সমগ্র বাংলাদেশেই সমস্যা সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করা হবে।</td><td>উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
</table>

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৫. | **চেয়ারম্যান, জিয়ারকান্দি ইউপি:** জিয়ারকান্দি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, শোলাকান্দি আশ্রয়ণ প্রকল্পে কাজ দ্রুত চলছে। মালামাল যাতায়তে অসুবিধা হচ্ছে। রাস্তার কাজগুলো দ্রুত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ণ প্রকল্পের কাজগুলো দ্রুত সময়ে বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | ১। উপজেলা প্রকৌশলী<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ৬. | **চেয়ারম্যান, মজিদপুর ইউপি:** মজিদপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, আমার ইউনিয়নে ক্যালেন্ডারভুক্ত তেমন বাজার নেই। বড় কোন বাজার না থাকায় পাশ্ববর্তী গৌরিপুর ও বাতাকান্দি বাজারে গিয়ে দৈনন্দিন কেনা কাটা করতে হয়। এতে করে সাধারণ মানুষের যাতায়ত খরচ বেশি হয়ে যায়। তাই মজিদপুর বাজার ও শাহপুর বাজারকে ক্যালেন্ডারভুক্ত করা হলে সরকারি রাজস্ব বৃদ্ধিসহ বাজার উন্নয়নে সহায়তা ভূমিকা রাখবে। উক্ত বাজার ২টিকে ক্যালেন্ডারভুক্ত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। | ক) শাহপুর ও মজিদপুর বাজার ক্যালেন্ডারভুক্ত করার জন্য খাস জমির তথ্যসহ বিস্তারিত প্রতিবেদন দেয়ার জন্য চেয়ারম্যান, মজিদপুর ইউনিয়ন পরিষদ, তিতাস, কুমিল্লাকে অনুরোধ করা হলো।<br>খ) শাহপুর ও মজিদপুর বাজারকে ক্যালেন্ডারভুক্ত করা যায় কিনা এ বিষয়ে মতামতসহ বিস্তারিত প্রতিবেদন দেয়ার জন্য সহকারী কমিশনার (ভূমি), তিতাস, কুমিল্লাকে অনুরোধ করা হলো। | ১। সহকারী কমিশনার (ভূমি)<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ৭. | **বিবিধ:** উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নবর্ণিত ব্যয় করা হয় তা পরিষদ কর্তৃক অনুমোদন প্রয়োজন।<br>ক) উপজেলা পরিষদে অস্থায়ীভাবে নিয়োগকৃত মালি জনাব শাহজাহান এর জানুয়ারি, ২০২৩ মাসের দৈনিক ৫৫০/- টাকা হারে ১৪,৩০০/- টাকা ব্যয়।<br>খ) দৈনিক মজুরি বাবদ জনাব শওকত মিয়াকে দৈনিক ৫০০/- টাকা হারে জানুয়ারি, ২০২৩ মাসের ১২,০০০/- টাকা ব্যয়।<br>গ) জানুয়ারি, ২০২৩ মাসের ইন্টারনেট বিল বাবদ ব্যয় ৯৫০/- টাকা।<br>ঘ) জানুয়ারি, ২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের উন্নয়ন সমন্বয় সভাসহ অন্যান্য সভার আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/- টাকা।<br>ঙ) জানুয়ারি, ২০২৩ মাসের উপজেলা পরিষদ সভার নোটিশ ও কার্যবিবরণীসহ অন্যান্য আনুষঙ্গিক ব্যয় ৫,০০০/- টাকা।<br>চ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লার কার্যালয়ের কম্পিউটারের কালি সরবরাহ বাবদ ব্যয় ৫,০০০/- টাকা। | উক্ত ব্যয়গুলো উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার অনুমোদনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: পারভেজ হোসেন সরকার
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজলা পরিষদ
তিতাস, কুমিল্লা।

স্মারক নম্বর: ০৫.২০.১৯৯৪.০০০.০৬.০০৮.২২-১৪৪(৫০)

তারিখ: ০৬ ফাল্গুন, ১৪২৯
১৯ ফেব্রুয়ারি, ২০২৩

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১. জনাব সেলিমা আহমাদ, মাননীয় সংসদ সদস্য, ২৫০ কুমিল্লা-২
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশিনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪. পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৫. জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৬. উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৭. ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লা।
০৮. উপজেলা ---------------------------------- অফিসার, তিতাস, কুমিল্লা।
০৯. সহকারী প্রোগ্রামার, তিতাস, কুমিল্লা। [সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ]
১০. চেয়ার‍্যান, --------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), তিতাস, কুমিল্লা।

২২.২.২৩

এ.টি.এম. মোর্শেদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
তিতাস, কুমিল্লা।
ফোন: ০৩৩৪৪১০০১০
ই-মেইল: unotitas1@gmail.com